কক্সবাজার সদর উপজেলা পরিষদ
কক্সবাজার

# উপজেলা পরিষদের মাসিক ৩২তম সভার কার্যবিবরণী

সভাপতি : কায়সারুল হক জুয়েল
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কক্সবাজার সদর, কক্সবাজার।

সভার তারিখ ও সময় : ১৬/০৬/২০২২ খ্রিষ্টাব্দ, দুপুর-১২.০০ টা

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, কক্সবাজার সদর

সভার উপস্থিতি : পরিশিষ্ট "ক" তে সন্নিবেশিত

উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন, আমি উপজেলা নির্বাহী অফিসার হিসেবে যোগদানের পর আজকে এটি প্রথম সভা। তাই সভায় উপস্থিত সকল ইউপি চেয়ারম্যান ও দপ্তর প্রধানগণকে সরকারি নির্দেশনা অনুযায়ী চলমান বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। প্রকল্প বাস্তবায়নে কোন ধরনের প্রতিবন্ধকতা সৃষ্টি হলে সকলের সমন্বিত উদ্যোগে তা সমাধান করে বর্তমান সরকারের চলমান উন্নয়ন প্রকল্পসহ কক্সবাজার সদর উপজেলার উন্নয়নে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে সকলকে আন্তরিকতা ও সততার সাথে ঐক্যবদ্ধভাবে কাজ করার অনুরোধ জানান। পরে উপজেলা নির্বাহী অফিসার আজকের সভায় উপজেলা পরিষদের চেয়ারম্যানকে সভার সভাপতিত্ব করার অনুরোধ করেন। সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এজেন্ডা অনুযায়ী সভা সঞ্চালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানালে উপজেলা নির্বাহী অফিসার সভায় ৩১তম সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং এতে কারো কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। পরবর্তীতে সভাপতি বিভাগওয়ারী স্ব-স্ব কর্মকর্তাগণকে তাঁদের দপ্তরের কর্মকান্ড সম্পর্কে সভায় অবহিত করার জন্য অনুরোধ জানানো হলে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **আইসিটি/ওয়েব পোর্টাল সম্পর্কিত :**<br>উপজেলা পরিষদসহ এর আওতাধীন অন্যান্য দপ্তরসমূহের ওয়েব পোর্টাল এখনো হালনাগাদ করা হয়নি। ওয়েব পোর্টাল হালনাগাদ না থাকায় প্রতিটি দপ্তরের সাথে যোগাযোগক্রমে গুরুত্বপূর্ণ তথ্য পাওয়া কষ্টসাধ্য হয়ে পড়ে। সরকারের এটুআই প্রকল্পের নির্দেশনামতে ওয়েব পোর্টালে সকল দপ্তরের হালনাগাদ তথ্য থাকা প্রয়োজন। এছাড়া প্রতিটি ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টালও হালনাগাদ করার বিষয়ে বিগত সভায়ও আলোচনা করা হয়। কিন্তু উপজেলা পরিষদসহ এর আওতাধীন সকল দপ্তরের কর্মকর্তা/কর্মচারীরসহ ও ইউনিয়ন পরিষদ সমূহের ওয়েব পোর্টাল নির্দেশনামতে এখনো পর্যন্ত হালানাগাদ না হওয়ায় উপজেলা নির্বাহী অফিসার অসন্তোষ প্রকাশ করেন। উপজেলা নির্বাহী অফিসার যতদ্রুত সম্ভব ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য সভায় সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সভাপতি এটুআইয়ের নির্দেশনামতে এখনো পর্যন্ত কক্সবাজার সদর উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল হালনাগাদ না হওয়ায় অসন্তোষ প্রকাশ করে জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদসহ এর আওতাধীন সকল দপ্তর ও ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল জরুরী ভিত্তিতে হালনাগাদ করার জন্য সহকারী প্রোগ্রামার, কক্সবাজার সদরকে নির্দেশনা প্রদান করেন। | ১। সহকারী প্রোগ্রামার, কক্সবাজার সদর<br>২। স্ব-স্ব দপ্তর প্রধান, কক্সবাজার সদর<br>৩। চেয়ারম্যান, ইউপি (সকল), কক্সবাজার সদর |
| ০২ | **ইউনিয়ন পরিষদের মাসিক সভা সংক্রান্ত :**<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, প্রত্যেক ইউনিয়ন পরিষদে প্রতিমাসে মাসিক উন্নয়ন সমন্বয় সভা করে সভার কার্যবিবরণী মাসের মাসের প্রথম সপ্তাহে এ কার্যালয়ে প্রেরণের জন্য সরকারিভাবে নির্দেশনা আছে। এছাড়াও প্রত্যেক মাসে মাসিক সভায় ইউনিয়ন পরিষদের মাসিক সভা করে যথাসময়ে সভার কার্যবিবরণী প্রেরণের জন্য বার বার বলা সত্ত্বেও ইউনিয়ন পরিষদ থেকে তা যথাসময়ে প্রেরণ করা হয় না। প্রতিমাসে আবশ্যিকভাবে মাসিক উন্নয়ন সমন্বয় সভা করে সভার কার্যবিবরণী আবশ্যিকভাবে উপজেলা পরিষদের প্রেরণ নিশ্চিত করার বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানগণকে নির্দেশনা প্রদানের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ যথাসময়ে মাসিক উন্নয়ন সমন্বয় সভা করে উপজেলা পরিষদে সভার কার্যবিবরণী প্রেরণ না করায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। সকল ইউপি চেয়ারম্যানগণকে ইউনিয়ন পরিষদে প্রতি মাসে মাসিক উন্নয়ন সমন্বয় সভা করে সভার কার্যবিবরণী নির্ধারিত তারিখের মধ্যে উপজেলা পরিষদে প্রেরণ নিশ্চিত করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে 'অনুরোধ করেন। সভার কার্যবিবরণী প্রেরণের বিষয়টি স্ব-স্ব ইউপি সচিবগণকে নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।। | ১। চেয়ারম্যান, ইউপি (সকল), কক্সবাজার সদর<br>২। ইউপি সচিব (সকল), কক্সবাজার সদর |
| ০৩ | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস :**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা তাঁর দপ্তরের কার্যক্রম নিম্নোক্তভাবে সভায় উপস্থাপন করেন<br>১। অত্র উপজেলায় মে/২০২২ ইং মাসে ইপিআই কার্যক্রমের মাধ্যমে শিশু ও মহিলাদের টিকা প্রদান করা হয়। কমিউনিটি ক্লিনিক সমূহ ও ঈদগাঁও উপ-স্বাস্থ্য কেন্দ্রে শিশু, গর্ভবতী, সাধারণ রোগীদের সেবা প্রদান করা হয়। | কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কক্সবাজার সদর |

চলমান পাতা-০২

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ২। ইউনিফের সহযোগিতায় ১ম সারির তদারককারীগণের মাধ্যমে ইপিআই সাব ব্লক সমূহে জিএমপি স্যানিটাইজেশন মূলক ১০০ টি স্বাস্থ্য শিক্ষা সেশান ও মাঠকর্মীদের মাধ্যমে শিশুদের জন্য মুখে ভাত বিষয়ক ১০০ টি সেশান সম্পন্ন করা হয়।<br>৩। বিগত ৪ জুন থেকে ১০ জুন ২০২২ ইং পর্যন্ত কোভিড-১৯ ৩য় ডোজ/বুষ্টার ডোজ সপ্তাহ উদযাপন করা হয় । এতে সর্বমোট ২৪১১১ জনকে ৩য় ডোজ/বুষ্টার ডোজ টিকা দেওয়া হয়। এই পর্যন্ত ৫৫৭২৪ জন কে ৩য় ডোজ/বুষ্টার ডোজ টিকা প্রদান করা হয়।<br>৪। ১৫-১৯ জুন ২০২২ ইং তারিখে জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন উদযাপন কার্যক্রম চলমান। এবারের ক্যাম্পেইনে ২। ৬-১১ মাস বয়সী ১১০৯৬ শিশুকে এবং ১২-৫৯ মাস বয়সী শিশুর সংখ্যা ৫৭,৬০৮ জন শিশুসহ সর্বমোট ৬৮৭০৪ জন শিশুকে ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানো হবে<br>৫। বিগত ২৩-২৯ এপ্রিল ২০২২ ইং তারিখ পুষ্টি সপ্তাহ উদযাপন করা হয়। ২৮ মে ২০২২ ইং তারিখ নিরাপদ মাতৃত্ব দিবস উদযাপন করা হয়। ১৭ মে ২০২২ ইং বিশ্ব উচ্চ রক্তচাপ দিবস উদযাপন করা হয়। এছাড়াও ২৪-৩০ এপ্রিল ২০২২ ইং তারিখে বিশ্ব টিকাদান সপ্তাহ উদযাপন করা হয়। | | |
| ০৪ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস :**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, কক্সবাজার সদর উপজেলায় সমন্বিত উপবৃত্তির আওতায় স্কীমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ও আইসিটি শিক্ষক ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্মচারীগণকে ০১ (এক) দিনের ওরিয়েন্টেশন প্রশিক্ষণ প্রদান হয়। সমন্বিত উপবৃত্তির আওতায় স্কীমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকগণকে ২০২০-২০২১ অর্থ বছরে উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের যদি ভুল একাউন্ট থাকে তা সংশোধন পূর্বক প্রকল্প কার্যালয় ঢাকা প্রেরণের জন্য অনুরোধ করা হয়। সেকায়েপ প্রকল্পের মাধ্যমে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে পূর্বের বই পড়া কর্মসূচির আওতায় সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে মজুদ বইয়ে হাল-নাগাদকরণের জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হয়। তাছাড়া তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে জানান। | কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কক্সবাজার সদর |
| ০৫ | **উপজেলা প্রাণি সম্পদ অফিস :**<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় তাঁর দপ্তরের কার্যক্রম নিম্নমতে উপস্থাপন করেন।<br>**১। টিকা প্রদান ঃ**<br>(ক) গবাদি পশু, হাঁস-মুরগিকে টিকা প্রদান করা হয়- ২২৯০০ টি<br>**২। কৃত্রিম প্রজনন ঃ**<br>(ক) ২৭৯ টি গাভীকে কৃত্রিম প্রজনন করা হয়। উল্লেখ্য যে, মে মাসে ৭৯ টি শংকর জাতের বাচ্চা জন্ম হয়েছে।<br>**৩। চিকিৎসা সেবা প্রদান ঃ**<br>(ক) গবাদিপশু চিকিৎসা প্রদান করা হয় - ২২৮৩ টি<br>(খ) পোষা প্রাণি চিকিৎসা প্রদান করা হয় - ১২ টি<br>(গ) হাঁস-মুরগী চিকিৎসা প্রদান করা হয় - ১০২৪১ টি<br>**৪। ডিম, দুধ ও মাংস উৎপাদন ঃ**<br>(ক) ডিম উৎপাদন - ৮৩.১৫ লক্ষ<br>(খ) দুধ উৎপাদন - ২১২২ মেঃ টন<br>(গ) মাংস উৎপাদন - ১৮১৯ মেঃ টন<br>তিনি আরো জানান, ১ লা জুন বিশ্ব দুগ্ধ দিবস পালন করা হয় এবং আসন্ন কুরবানির জন্য কক্সবাজার সদর উপজেলায় ২১৭৬৮ টি গরু, ৭৫৫ টি মহিষ, ৮৭৬০ টি ছাগল এবং ১৬৫ টি ভেড়া মজুদ রয়েছে। বর্তমানে কক্সবাজার সদর উপজেলায় কোন প্রকার সংক্রামক রোগের প্রাদুর্ভাব নাই। | কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কক্সবাজার সদর |

চলমান পাতা-০৩

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৬ | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিস :**<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, সমগ্র দেশের গ্রামীণ পানি সরবরাহ প্রকল্প (২০২১-২০২২) ইং অর্থ বৎসর ১৩০টি নলকূপের বরাদ্দ পাওয়া যায়। বিভিন্ন ইউনিয়ন ওয়ারী ৬০টি নলকূপের বোরিং কাজ শেষ হয়েছে, বাকী কাজ চলমান আছে। সমগ্র দেশের গ্রামীণ পানি সরবরাহ প্রকল্প (২০২১-২০২২) ইং অর্থ বৎসর ০৯টি "কমিউনিটি নেটওয়ার্ক মধ্যমে পানি সরবরাহ' বরাদ্দ পাওয়া যায়। কক্সবাজার সদর উপজেলায় বিভিন্ন ইউনিয়নে ও গ্রোথ সেন্টার গুলোতে মিনি পাইপ লাইনের মধ্যমে সুপেয় পানি সরবরাহ লক্ষ্যে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের প্রয়োজনীয় ব্যবস্থ্য গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। হয়। উল্লেখ্য জরুরী ভিত্তিতে রোহিঙ্গা সংকট মোকাবিলায় মাল্টি সেক্টর প্রকল্প হতে গ্রামীন পাইপড ওয়াটার সাপ্লাই স্কীম, মিনি পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহের জন্য উক্ত প্রকল্পের পরিচালক মহোদয় পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তর কে অবহিত করেছে।<br>**প্রোডাকশন টিউবওয়েল** :- ঈদগাঁও, ইসলামাবাদ এবং পোকখালী ইউনিয়নে প্রোডাকশন টিউবওয়েলের লোয়ারিং কাজ সম্পন্ন হয়েছে, বাকি ০২ (দুই) টি ইউনিয়নে (ভারুয়াখালী এবং চৌফলদন্ডী) প্রোডাকশন টিউবওয়েল কাজ চলমান আছে। ইসলামাবাদ ইউনিয়নে মিনি পাইপ লাইনের কাজ চলমান আছে। তিনি আরো জানান, "জরুরী ভিত্তিতে রোহিঙ্গা সংকট মোকাবিলায় মাল্টি-সেক্টর প্রকল্প (EMCRP) আওতায় (২০২১-২০২২)খ্রিঃ অর্থ বৎসরের কক্সবাজার সদর উপজেলায় ০৯টি ইউনিয়নে কমিউনিটি টিউবওয়েল ১২০টি লোয়ারিং কাজ সম্পন্ন হয়েছে বাকি কাজ চলমান আছে।<br>খ) "জরুরী ভিত্তিতে রোহিঙ্গা সংকট মোকাবিলায় মাল্টি-সেক্টর প্রকল্প (EMCRP) আওতায় (২০২১-২০২২)খ্রিঃ অর্থ বৎসরের কক্সবাজার সদর উপজেলায় ইউনিয়ন পর্যায়ে "কমিউনিটি টয়লেট" (ফাউন্ডেশনসহ) ১৩০টি কাজ চলমান আছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ০৬টি ইউনিয়নে (ঈদগাঁও, ইসলামাবাদ, পোকখালী, চৌফলদন্ডী,ভারুয়াখালী এবং খুরুশকুল) মিনি পাইপ লাইন স্কীম কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা ওয়াটসান কমিটি কর্তৃক কাজ বাস্তবায়ন করা সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার সদর |
| ০৭ | **উপজেলা পল্লী উন্নয়ন অফিস :**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা পরিষদের অধীন বিআরডিবি'র দুটি কোয়াটার (জোড়া-বাড়ী) কল্লোল ও হিন্দোল ভবন রয়েছে। উক্ত কোয়াটারের মধ্যে কল্লোল ভবন দীর্ঘদিন জরাজীর্ণ অবস্থায় থাকায় উপজেলা জোড়া-বাড়ীর আয় বন্টন ও রক্ষণাবেক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকা ব্যয় পূর্বক এলজিইডি কর্তৃক প্রক্কালন গ্রহণ ও টেন্ডারের মাধ্যমে বাসা মেরামত করার সিদ্ধান্ত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থ্য গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান, তিনি আরো বলেন মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত কোভিড-১৯ প্রণোদনা ঋণ তহবিলের আওতায় ২য় পর্যায়ে ৩৮ জন পল্লী উদ্যোক্তার ১,০৪,০০,০০০ (এক কোটি চার লক্ষ) টাকার চাহিদার বিপরীতে ১৭ জন পল্লী উদ্যোক্তার নামে ২৮,৫০,০০০ (আটাশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকার এসএমই ঋণ অনুমোদন পাওয়া যায়। উক্ত ঋণ যথাযথভাবে নীতিমালা অনুযায়ী বন্টন করা হবে। এছাড়া অত্র দপ্তরের স্মারক নং- ১৬৭ তাং- ১৪-০৩-২০২২ মূলে উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর বিআরডিবি'র পল্লী ভবনের বারান্দা মেরামতের জন্য আবেদন দাখিল করা হয়। । ভবনটি দ্রুত মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতিকে অনুরোধ জানান কক্সবাজার সদর উপজেলায় ২০২১-২২ অর্থ বছরে ৫৪,৫০,০০০ (চুয়ান্ন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ঋণ বিতরণ করা হয়। তৎমধ্যে ২০,০০,০০০ (বিশ লক্ষ) টাকা আদায় করা হয়েছে। বাকি টাকা জুনের মধ্যে আদায় করা হবে। | উপজেলা প্রকৌশলী, কক্সবাজার সদর কর্তৃক কল্লোল ও হিন্দোল ভবন পরিদর্শনক্রমে প্রাক্কলন প্রস্তুতপূর্বক গঠিত কমিটির মাধ্যমে ভবন মেরামতের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, কক্সবাজার সদর<br>২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কক্সবাজার সদর |
| ০৮ | **উপজেলা কৃষি অফিস :**<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় বলেন, আউশ আবাদ বৃদ্ধির জন্য কৃষক পর্যায়ে কৃষি প্রণোদনা হিসেবে ৩০০ জন কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হয়। আউশ ধানের বীজতলার কার্যক্রম চলমান। কীটনাশকের পরিবর্তে জৈব বালাইনাশক ব্যবহারের উপর জোর দেওয়া হয়েছে। ডিলারদের নিকট পর্যাপ্ত সার মজুদ আছে। সারের কোন সংকট নাই। নিয়মিত পরিদর্শন করে বিক্রির অনুমতি দেওয়া হয়েছে এবং দপ্তরের অন্যান্য কার্যক্রম সঠিকভাবে চলমান রয়েছে | কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, কক্সবাজার সদর |

চলমান পাতা-০৪

<table>
<tr><th>ক্র: নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>০৯</td><td>
<u>পল্লী জীবীকায়ন প্রকল্প (পজীপ) অফিস :</u><br>
উপজেলা পল্লী জীবীকায়ন প্রকল্প কর্মকর্তা (পজীপ) তাঁর দপ্তরের কার্যক্রম নিম্নোক্তভাবে সভায় উপস্থাপন করেন।<br>
সাংগঠনিক কার্যক্রম ঃ
<table>
<tr><td colspan="3">সমিতি গঠন</td><td colspan="3">সদস্য ভর্তি</td></tr>
<tr><td>লক্ষ্যমাত্রা</td><td>অর্জন</td><td>ক্রমপুঞ্জিত</td><td>লক্ষ্যমাত্রা</td><td>অর্জন</td><td>ক্রমপুঞ্জিত</td></tr>
<tr><td>১২০</td><td>১০৬</td><td>১০৬</td><td>৪২০০</td><td>-</td><td>৩৫৩৩</td></tr>
</table>
২। পুঁজি গঠন(লক্ষ টাকায়)
<table>
<tr><td colspan="3">শেয়ার</td><td colspan="3">সঞ্চয়</td></tr>
<tr><td>লক্ষ্যমাত্রা</td><td>অর্জন</td><td>ক্রমপুঞ্জিত</td><td>লক্ষ্যমাত্রা</td><td>অর্জন</td><td>ক্রমপুঞ্জিত</td></tr>
<tr><td>৭.৪০</td><td>০.০১</td><td>৫.৫২</td><td>৬২.৮০</td><td>০.৫৮</td><td>২৯.০৮</td></tr>
</table>
৩। ঋণ বিতরণ ও আদায়(লক্ষ টাকায়)
<table>
<tr><td colspan="3">বছরে বিতরণ</td><td colspan="3">বছরে আদায়</td><td rowspan="2">ক্রমপুঞ্জিত আদায়ের হার</td></tr>
<tr><td>লক্ষ্যমাত্রা</td><td>অর্জন</td><td>ক্রমপুঞ্জিত</td><td>লক্ষ্যমাত্রা</td><td>অর্জন</td><td>ক্রমপুঞ্জিত</td></tr>
<tr><td>১৫৯.১১</td><td>৯.৫২</td><td>১২০১.৮৮</td><td>১২৬.৪৭</td><td>১৫.৬৪</td><td>১০৮২.২২</td><td>৯০%</td></tr>
</table>
</td><td>কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপজেলা পল্লী জীবীকায়ন প্রকল্প কর্মকর্তা (পজীপ), কক্সবাজার সদর</td></tr>
<tr><td>১০</td><td><u>উপজেলা সমবায় অফিস :</u><br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, আশ্রয়ন প্রকল্প ফেইজ-১, বড়ছড়া আশ্রয়ন প্রকল্পে আবাসন হতে প্রাপ্ত বরাদ্দ ৮,০০,০০০/- টাকা। বর্তমান মাস পর্যন্ত ক্রমপুঞ্জিভুত দাদনের পরিমাণ ১৬,০৮,০০০/- টাকা এবং আদায়ের পরিমাণ ৯৯৫২০৩/- টাকা, বকেয়া ঋণের পরিমাণ ৬১২৭৬৭/- টাকা। আশ্রয়ন প্রকল্প ফেইজ-২, খুরুশকুল আবাসন প্রকল্পে আবাসন হতে প্রাপ্ত বরাদ্দ ৭,০০,০০০/- টাকা। বর্তমান মাস পর্যন্ত ক্রমপুঞ্জিভুত দাদনের পরিমাণ ১১,৭৭,০০০/- টাকা এবং আদায়ের পরিমাণ ৭,০৬,৭৩৯/- টাকা, খেলাপী ঋণের পরিমাণ-৪,৬৭,২৬১/- টাকা। কক্সবাজার সদর উপজেলায় কোন নিবন্ধিত সমবায় সমিতি জনগণকে অতি লোভের প্রলোভন দেখিয়ে অনিয়মতান্ত্রিক ভাবে আর্থিক লেনদেন করে থাকলে সাথে সাথে উপজেলা সমবায় অফিস সভায় অনুরোধ করা হয়</td><td>কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা কক্সবাজার সদর</td></tr>
<tr><td>১১</td><td><u>উপজেলা সমাজসেবা অফিস :</u><br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, উপজেলা সমাজসেবা কার্যালয়ের কার্যক্রম দিন দিন বৃদ্ধি পাচ্ছে। অসহায়, অসচ্ছল প্রতিবন্ধী এবং শারীরিকভাবে খুবই দুর্বল বয়স্ক ব্যক্তিগণ হলেন আমাদের উপকারভোগী। বর্তমানে উপজেলা সমাজসেবা কার্যালয়ের কার্যক্রম ৪র্থ তলায় পরিচালিত হওয়ায় উপকারভোগীদের অধিকাংশের জন্যই ৪র্থ তলায় উঠা খুবই কষ্টসাধ্য এবং দুর্ঘটনায় উপক্রম হওয়ার সম্ভাবনা খুবই বেশি। সম্প্রতি একজন ১ জন সিঁড়ি হতে পড়ে গিয়ে আহত হয়েছেন, বিষয়টি আমি উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অবগত করেছিলাম। আমাদের এখানে উপকারভোগীদের ওয়েটিং রুমের কোন সুব্যবস্থা নেই। ইউনিয়ন সমাজকর্মীগণকে মাঠের কাজ শেষ করে বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার তাগিদে অফিসে বসে ডাটা এন্ট্রিসহ ডিজিটাল পদ্ধতিতে ভাতার তথ্যাদি প্রেরণের জন্য কম্পিউটারে কাজ করতে হয়। বর্তমানে অত্র উপজেলায় মোট ভাতাভোগীর সংখ্যা ১৬,২৩৪ জন। উক্ত ভাতাভোগীদের অধিকাংশ বয়স্ক ও প্রতিবন্ধী হওয়ার কারণে ৪র্থ তলায় ঠিকমত কোন যোগাযোগ করতে পারছে না। ফলে উপকারভোগীরা যথাযথ সুবিধা হতে বঞ্চিত হচ্ছে। অন্যদিকে সরকারের নেয়া পদক্ষেপ সফলভাবে বাস্তবায়ন বাধাগ্রস্থ হচ্ছে। বর্তমানে এ কার্যালয়ে ১০ (দশ) জন কর্মচারী কর্মরত রয়েছেন। সহকারী সমাজসেবা অফিসারসহ আরো ২ (দুই) ইউনিয়ন সমাজকর্মী দ্রুততম সময়ের মধ্যে এ কার্যালয়ে যোগদান করবেন। ২ (দুই) জন কর্মকর্তাসহ মোট ১৪ জন ব্যক্তির জন্য ২(দুই)টি কক্ষ নিয়ে কোনভাবেই অফিসের দৈনন্দিন কার্যক্রম পরিচালনা সম্ভব হচ্ছেনা। কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে কমপক্ষে ৪(চার) টি কক্ষের প্রয়োজন। সার্বিক বিবেচনায় উপজেলা সমাজসেবা অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ৪ (চার) টি কক্ষ বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সভাপতির নিকট বিনীত অনুরোধ জানান। এ বিষয়ে সভাপতি বলেন, উপজেলা সমাজসেবা অফিসে আগত সেবা গ্রহীতাগণ যেহেতু অধিকাংশ বয়স্ক, প্রতিবন্ধী ও বিভিন্ন অসুস্থ ব্যক্তি তাই উপজেলা সমাজসেবা অফিসটি চারতলায় করা কোনভাবেই যুক্তিযুক্ত হয়নি মর্মে সভায় দুঃখ প্রকাশ করেন। এ বিষয়ে জরুরী ভিত্তিতে উপজেলা সমাজসেবা অফিসটি নিচে যে কোন ভবনে (নতুন/পুরাতন) স্থানান্তরের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান।</td><td>সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা সমাপজসেবা অফিসে আগত সেবা প্রাপ্তিদের যথাযথ সেবা প্রদানের নিমিত্ত উপজেলা সমাজসেবা অফিসটি নীচে যে কোন একটি ভবনের স্থানান্তরের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কক্সবাজার সদর<br><br>২। উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদর<br><br>৩। উপজেলা প্রকৌশলী, কক্সবাজার সদর</td></tr>
</table>

চলমান পাতা-০৫

<table>
<tr><th>ক্র: নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>১২</td><td>উপজেলা খাদ্য অফিস :<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, অভ্যন্তরীন বোরো সংগ্রহ ২০২২ মৌসুমের আওতায় কক্সবাজার সদর উপজেলায় ৮৩২ মে:টন বোরো ধান এবং ৪০৬ মে:টন বোরো আতপ চাল সংগ্রহের  লক্ষ্যমাত্রা পাওয়া যায়। ধান সংগ্রহের লক্ষ্যে কৃষকের অ্যাপস এর মাধ্যমে কৃষক নিবন্ধন ও পূর্বের নিবন্ধনকৃত কৃষকগনের ধান বিক্রয়ের আবেদন চলমান রয়েছে। এ কার্যক্রমে উপজেলা কৃষি অফিস ও সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানগণকে ইউনিয়ন ডিজিটাল সেন্টার ও মেম্বার এবং উপজেলা কৃষি অফিসের উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণের মাধ্যমে কৃষকের নিবন্ধন ও আবেদন কার্যক্রম পরিচালনায় সহযোগীতা করার জন্য সভায় অনুরোধ জানান। তিনি আরো জানান, বোরো ধান ও চাল সংগ্রহের সময়সীমা আগামী ৩১/০৮/২০২২ খ্রি: পর্যন্ত নির্ধারণ করা হয়েছে। খাদ্য বান্ধব কর্মসূচিতে এপ্রিল/২২ মাসে পুষ্টি মিশ্রিত চাল বিতরণ করা হয়েছে। অন্যান্য দাপ্তরিক কর্যক্রম স্বাভাবিক রয়েছে।</td><td>কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কক্সবাজার সদর</td></tr>
<tr><td>১৩</td><td>তথ্য সেবা (তথ্য আপা) অফিস :<br>তথ্য সেবা কর্মকর্তা (তথ্য আপা) সভায় বলেন, তথ্যকেন্দ্রের মাধ্যমে ৫০ জন মহিলাদের তথ্য প্রযুক্তিভিত্তিক সেবা প্রদান, চাকরির আবেদনপত্র পূরণ, ভর্তি পরীক্ষার ফরম পূরণ,বিভিন্ন পরীক্ষার ফলাফল, ই-মেইল, ম্যাসেঞ্জার, স্কাইপির সাহায্যে যোগাযোগ, কৃষি, শিক্ষা, ব্যবসা সংক্রান্ত পরামর্শ প্রদান, আইনী সহায়তার পরামর্শ প্রদান, ডায়াবেটিস পরীক্ষা, রক্তচাপ পরীক্ষা, তাপমাত্রা, ওজন মাপা, গ্রামীণ নারীদের উৎপাদিত ও সংগৃহীত পণ্য বিক্রয়ের জন্য লালসবুজ মার্কেট প্লেস পরিচালনা, বয়স্ক ভাতা, প্রতিবন্ধি ভাতা ফর্ম, বিধবা ভাতা ও সমাজ সেবা চিকিৎসা ফর্ম পূরণ করে দেওয়া, নারী নির্যাতন বন্ধে সচেতনতা তৈরি করা ইত্যাদি সেবা প্রদান করা হয়। ডোর টু ডোর সেবার মাধ্যমে ৩০০ জন গ্রামীণ মহিলাকে অফিস কার্যক্রম সম্পর্কে অবহিত করা,  স্বাস্থ্যসেবা, তথ্য প্রযুক্তি সেবা, অনলাইন ভিত্তিক সেবা, উপজেলার বিভিন্ন দপ্তরের দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে তথ্য প্রদান করে সহায়তা করা, নারী নির্যাতন, যৌতুক, বাল্য বিবাহ বিষয়ে সচেতনতা গড়ে তোলা, ব্যবসায়িক ক্ষেত্রে মহিলাদের অগ্রসর করা, লালসবুজ.কম সম্পর্কে জানানো, মহিলা উদ্যোক্তা তৈরী করার লক্ষ্যে মহিলাদের বিভিন্ন পরামর্শ প্রদান করা, করোনা মহামারী মোকাবিলায় স্বাস্থ্য বিধি সম্পর্কে জানানো, মাস্ক পরিধান ও সামাজিক দূরত্ব মেনে চলার জন্য পরামর্শ প্রদান করে সেবা প্রদান করা হয়। তথ্যকেন্দ্রের মাধ্যমে ২০০ জন মহিলাদেরকে বাল্যবিবাহ সম্পর্কে সচেতন করা হয়, বাল্যবিবাহের কুফল সম্পর্কে অবগত করা হয়।</td><td>কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কক্সবাজার সদর</td></tr>
<tr><td>১৪</td><td>উপজেলা প্রকৌশল অফিস :<br>আলোচনা-১ : উপজেলা প্রকৌশলী সভায় বিভিন্ন ইউপি চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান হতে প্রাপ্ত আবেদনসমূহ হতে উপজেলা প্রকল্প যাচাই-বাছাই কমিটির অনুমোদন প্রাপ্ত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য নিম্নোক্তভাবে সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><th>ক্র: নং</th><th>প্রকল্পের নাম</th><th>প্রাক্কলিত টাকার পরিমাণ</th><th>বাস্তবায়নের ধরণ</th></tr>
<tr><td>১</td><td>ভারুয়াখালী ইউনিয়নে ০১ নং ওয়ার্ড সাবেকপাড়া কসপুকুর পাড় হতে নুরুল আজিমের বাড়ির গেইট পর্যন্ত রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন।</td><td>১,৫০,০০০.০০</td><td>প্র:কমিটি</td></tr>
<tr><td>২</td><td>ভারুয়াখালী ইউনিয়নের ০১নং ওয়ার্ড সাবেকপাড়া নুরুল আজিমের গেইট হতে আয়েশার বাউন্ডারী ওয়াল পর্যন্ত রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন।</td><td>১,৫০,০০০.০০</td><td>প্র:কমিটি</td></tr>
<tr><td>৩</td><td>ঝিলংজা ইউনিয়নের ০১ নং ওয়ার্ডে পূর্ব লারপাড়া নুরুল আলমের বাড়ি হতে শাহআলমের বাড়ি পর্যন্ত আরসিসি দ্বারা রাস্তা উন্নয়ন।</td><td>৭,০০,০০০.০০</td><td>টেন্ডার</td></tr>
<tr><td>৪</td><td>ঝিলংজা ইউনিয়নের ০১ নং ওয়ার্ডে পূর্ব লারপাড়া কামরুলের বাড়ির পার্শ্বে আরসিসি দ্বারা রাস্তা উন্নয়ন।</td><td>২,০০,০০০.০০</td><td>প্র:কমিটি</td></tr>
<tr><td>৫</td><td>খুরুশকুল ইউনিয়নের ২নং ওয়ার্ডের ডেইলপাড়া আবু বক্কর মসজিদের পাশে ড্রেইন ও স্লাব কালভার্ট নির্মাণ।</td><td>২,০০,০০০.০০</td><td>প্র:কমিটি</td></tr>
<tr><td>৬</td><td>ঝিলংজা ইউনিয়নে বড়ছড়া ভূমিহীন আশ্রয়ন প্রকল্পের সমবায় সমিতির কার্যালয় সংস্কার ও আসবাবপত্র সরবরাহ।</td><td>২,০০,০০০.০০</td><td>প্র:কমিটি</td></tr>
</table></td><td>সভায় সর্বসম্মতিক্রমে ০৬টি প্রকল্প অনুমোদিত হয়। অনুমোদিত প্রকল্পগুলোর মধ্যে ৫টি প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে এবং ১টি টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। উক্ত প্রকল্পে ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কক্সবাজার সদর<br><br>২। উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদর<br><br>৩। উপজেলা প্রকৌশলী, কক্সবাজার সদর</td></tr>
</table>

চলমান পাতা-০৬

<table>
<tr><th>ক্র: নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>আলোচনা-২ : উপজেলা প্রকৌশলী সভায় জানান, ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় প্রাপ্ত অর্থে ইতোমধ্যে দরপত্র আহবান করা হয়েছিল। আহবানকৃত দরপত্রসমূহ ৫% নিম্নদরে পাওয়ায় ৩,১৩,০০০/- টাকা বরাদ্দ অব্যয়িত রয়েছে। অব্যয়িত অর্থগুলো ৩০ জুন ২০২২ এর পর তামাদিযোগ্য হওয়ায় উক্ত অব্যয়িত অর্থ দ্বারা নিম্নোক্ত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><th>ক্র: নং</th><th>প্রকল্পের নাম</th><th>প্রাক্কলিত টাকার পরিমাণ</th><th>বাস্তবায়নের ধরণ</th></tr>
<tr><td>১</td><td>ভারুয়াখালী ইউনিয়নে ৩নং ওয়ার্ডের পশ্চিমপাড়া জামে মসজিদ হতে আসদ আলীর বাড়ি পর্যন্ত সড়ক সিসি দ্বারা উন্নয়ন।</td><td>২,০০,০০০.০০</td><td>প্র: কমিটি</td></tr>
<tr><td>২</td><td>ভারুয়াখালী ইউনিয়নে ৪নং ওয়ার্ডের চৌচালামুরা আমির হোসেনের খামার থেকে মসজিদ পর্যন্ত রাস্তা সংস্কার/মেরামত</td><td>১,১৩,০০০.০০</td><td>প্র: কমিটি</td></tr>
</table></td><td>সভায় সর্বসম্মতিক্রমে বার্ষিক উন্নয়ন কর্মসূচি অব্যয়িত অর্থ দ্বারা প্রকল্প ০২টি প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>১। চেয়ারম্যান, উপজেল পরিষদ, কক্সবাজার সদর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদ<br>৩। উপজেলা প্রকৌশলী, কক্সবাজার সদর</td></tr>
<tr><td></td><td>আলোচনা-৩ : উপজেলা প্রকৌশলী সভায় জানান, ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন সহায়ক কর্মসূচির আওতায় ৪ কিস্তিতে গৃহীত মোট ৩১টি প্রকল্পের মধ্যে ২৪টি প্রকল্প ৭টি প্যাকেজে টেন্ডারের মাধ্যমে ৭টি প্রকল্প প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য গৃহীত হয়েছিল। কাজ প্রায় সমাপ্তির পর্যায়ে। কাজের অগ্রগতি ১০০%। মাধ্যমে উপজেলা উন্নয়ন সহায়ক তহবিলের আওতায় ১ম পর্যায় অনুমোদিত ১১টি প্যাকেজের কাজ আগামী ২০/০৬/২০২২ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় প্রাপ্ত অর্থে ইতোমধ্যে দরপত্র আহবান করা হয়েছিল। আহবানকৃত দরপত্রসমূহ ৫% নিম্নদরে পাওয়ায় ৩,১৩,০০০/- টাকা বরাদ্দ অব্যয়িত রয়েছে। অব্যয়িত অর্থগুলো ৩০ জুন ২০২২ এর পর তামাদিযোগ্য হওয়ায় উক্ত অব্যয়িত অর্থ দ্বারা নিম্নোক্ত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য সভায় উপস্থাপন করেন। তিনি আরো বলেন, উপজেলা উন্নয়ন সহায়ক তহবিলের আওতায় ১ম পর্যায়ে অনুমোদিত ১১টি প্যাকেজের কাজ আগামী ২০/০৬/২০২২ খ্রিষ্টাব্দ তারিখ দাখিল করতে হবে এবং প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>সভায় বিস্তারিত আলোচনার পর নির্ধারিত সময়ের মধ্যে কাজের গুনগতমান প্রাক্কলন অনুযায়ী সঠিক রেখে বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।</td><td>১। চেয়ারম্যান, উপজেল পরিষদ, কক্সবাজার সদর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদ<br>৩। উপজেলা প্রকৌশলী, কক্সবাজার সদর</td></tr>
<tr><td></td><td>আলোচনা-৪ : উপজেলা প্রকৌশলী সভায় গত ৩১তম সভার ১৩/০৪/২০২২ইং তারিখে উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপিত প্রকল্পটি নিম্নোক্তভাবে অংশিক সংশোধন করার প্রয়োজন হওয়ায় তা নিম্নোক্তভাবে সভায় উপস্থাপন করেন।<br><u>পূর্বের প্রকল্প</u>
<table>
<tr><th>ক্র: নং</th><th>প্রকল্পের নাম</th><th>প্রাক্কলিত টাকার পরিমাণ</th><th>বাস্তবায়নের ধরণ</th></tr>
<tr><td>০১</td><td>উপজেলার বিভিন্ন ইউনিয়নে দুঃস্থ ও অসহায় পরিবারের মাঝে স্যানিটারী ল্যাট্রিন বিতরণ।</td><td>২০০০০০.০০</td><td>প্রঃ কমিটি</td></tr>
</table>
<u>সংশোধিক প্রকল্প</u>
<table>
<tr><th>ক্র: নং</th><th>প্রকল্পের নাম</th><th>প্রাক্কলিত টাকার পরিমাণ</th><th>বাস্তবায়নের ধরণ</th></tr>
<tr><td>০১</td><td>এ,কে,এম মোজাম্মেল হক মেমোরিয়াল স্কুল এন্ড কলেজ ও শাপলাকুড়ি কঁচি কাঁচা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ক্রীড়া সামগ্রী বিতরণ।</td><td>২০০০০০.০০</td><td>প্রঃকমিটি</td></tr>
</table></td><td>সভায় সর্বসম্মতিক্রমে পূর্বের প্রকল্পটি বাতিল করে সংশোধিত প্রকল্পটি অনুমোদন করা হয়। উক্ত প্রকল্পটি বাস্তবায়ন করে উক্ত প্রকল্পের ব্যয় উপজেলা পরিষদ উন্নয়ন সহায়ক তহবিল হতে নির্বাহ করার সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>১। চেয়ারম্যান, উপজেল পরিষদ, কক্সবাজার সদর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদ<br>৩। উপজেলা প্রকৌশলী, কক্সবাজার সদর</td></tr>
<tr><td></td><td>আলোচনা-৫ : উপজেলা প্রকৌশলী সভায় জানান উপজেলা পরিষদ সংলগ্ন কাঁচা বাজারের সড়কটি কাঁচা হওয়ায় বর্ষাকালে পানিজমে জনসাধারণ ও ক্রেতাগণের চলাচলে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। তাই যোগাযোগ ব্যবস্থা স্বাভাবিক করার জন্য নিম্নোক্ত প্রকল্পটি বাস্তবায়ন করার সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><th>ক্র: নং</th><th>প্রকল্পের নাম</th><th>প্রাক্কলিত টাকার পরিমাণ</th><th>বাস্তবায়নের ধরণ</th></tr>
<tr><td>০১</td><td>ঝিলংজা ইউনিয়নের উপজেলা বাজার সড়ক আরসিসি দ্বারা উন্নয়ন।</td><td>৪,৪৮,৬৮২.০০</td><td>কোটেশন</td></tr>
</table></td><td>সভায় প্রকল্পটি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। প্রকল্পের কাজ কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত ব্যয় উপজেলা পরিষদ উন্নয়ন সহায়ক তহবিল হতে নির্বাহ করা হবে।</td><td>১। চেয়ারম্যান, উপজেল পরিষদ, কক্সবাজার সদর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদ<br>৩। উপজেলা প্রকৌশলী, কক্সবাজার সদর</td></tr>
</table>

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১৫ | **বিবিধ আলোচনা :**<br>**আলোচনা-১ :** উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, উপজেলা পরিষদে বর্তমানে একজন মালী ও একজন পরিচ্ছন্নতাকর্মী নিয়োজিত আছে। যাদের বেতন উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদান করা হয়। উক্ত কর্মচারীদের ঈদ-উল-আযহা/২০২২ উপলক্ষ্যে পূর্ববর্তী মাসের আহরিত মূল বেতনের সমপরিমাণ অর্থ উৎসব ভাতা প্রদানের জন্য সভায় সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। | সভায় সর্বসম্মতিক্রমে মালী ও পরিচ্ছন্নতাকর্মীকে পূর্ববর্তী মাসের আহরিত মূল বেতনের সমপরিমাণ অর্থ উৎসব ভাত হিসেবে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কক্সবাজার সদর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদর |
| | **আলোচনা-২ :** উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, উপজেলা পরিষদে উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর অত্যন্ত গুরুত্বপূর্ণ। সরকারি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত বাস্তবায়নসহ অফিসের দৈনন্দিন কাজকর্ম সম্পাদনের লক্ষ্য প্রতিটি দপ্তরের সাথে চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারকে যোগাযোগ করতে হয়। যার জন্য বর্তমান ডিজিটাল যুগে অফিসে ইন্টারনেট সংযোগ প্রতি মুহূর্তে প্রয়োজন। উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে বিটিসিএল এর টেলিফোন ও ইন্টারনেট (GPON) সংযোগ থাকলেও বর্তমানে রাস্তা সম্প্রসারণের কাজ চলমান থাকায় দীর্ঘ ৬/৭ মাস ধরে টেলিফোন লাইন ও ইন্টারনেট সংযোগ বন্ধ। যার ফলে অফিসের দৈনন্দিন কাজকর্ম সম্পাদনে অনেক অসুবিধা হচ্ছে। তাই উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা/২০২০ এর ৩ এর (ঢ) নং অনুচ্ছেদের আলোকে উপজেলা চেয়ারম্যানের দপ্তর ও উপজেলা নির্বাহী অফিসারের দপ্তরের জন্য প্রাইভেট কোম্পানী হতে ইন্টারনেট সংযোগ নিয়ে উক্ত সংযোগে ব্যয়িত অর্থসহ প্রতিমাসে ইন্টারনেট বিলগুলো উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গ্রহণের জন্য সভাপতির নিকট অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনার পর অফিসে দৈনন্দিন কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের দপ্তরে প্রাইভেট কোম্পানী হতে ইন্টারনেট সংযোগ নিয়ে ইন্টারনেট সংযোগের খরচসহ প্রতিমাসের ইন্টারনেট বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কক্সবাজার সদর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদর |
| | **আলোচনা-৩ :** চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন, কক্সবাজার জেলা শহরে বর্তমান সরকারের ফোর লাইনে রাস্তা সম্প্রসারণের কাজ চলমান থাকার কারণে দীর্ঘদিন ধরে টেলিফোন লাইনগুলো অচল। ফলে জরুরী প্রয়োজনে বিভিন্ন দপ্তর প্রধানদের সাথে যোগাযোগ করা কষ্টসাধ্য হয়ে । এছাড়াও বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে প্রতিটি দপ্তরের সাথে দ্রুত যোগাযোগ তৈরী করা অতীব জরুরী। এখন প্রায় উপজেলা পরিষদে ইন্টারকম/পিএবিএক্স সিস্টেম চালু আছে। কিন্তু আমাদের সদর উপজেলা পরিষদে এ সেবাটাও চালু নেই। তাই কক্সবাজার সদর উপজেলায় আগত সেবা গ্রহীতাদের দ্রুত সেবা প্রদান ও বিভিন্ন দপ্তর প্রধানগণের সাথে জরুরী প্রয়োজনে যোগাযোগ সৃষ্টির লক্ষ্যে কক্সবাজার সদর উপজেলা পরিষদের যে সমস্ত দপ্তরগুলো অতীব প্রয়োজন আপাতত উক্ত দপ্তরগুলোতে রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা/২০২০ এর ৩ এর (ঢ) নং অনুচ্ছেদে ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয়ের নির্ধারিত বরাদ্দ হতে কিছু অংশ ব্যয় করে পিএবিএক্স/ইন্টারকম সেবা চালু করার জন্য এবং বাকী অর্থ দিয়ে উপজেলা পরিষদের ক্লোজ সার্কিট ক্যামেরা মেরামতের জন্য সভাপতি সভায় অভিমত ব্যক্ত করেন। | সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা/২০২০ এর ৩ (ঢ) অনুযায়ী ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপনের জন্য বরাদ্দকৃত অর্থ হতে কিছু অর্থ দিয়ে উপজেলা পরিষদের প্রয়োজনীয় দপ্তরগুলোতে পিএবিএক্স/ইন্টারকম সেবা চালু করা এবং বাকী অর্থ দিয়ে ক্লোজ সার্কিট ক্যামেরা মেরামত করে ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কক্সবাজার সদর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদর |

পরিশেষে সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সকল দপ্তর প্রধান ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে বিভিন্ন কার্যক্রম ও পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় প্রস্তাব উপস্থাপনের জন্য ধন্যবাদ জানান এবং সকল দপ্তর প্রধানগণকে যথাসময়ে সভার কার্যপত্র প্রেরণের অনুরোধ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

16.06.22

**কায়সারুল হক জুয়েল**
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কক্সবাজার সদর, কক্সবাজার

চলমান পাতা-০৮

স্মারক নং-০৫.২০.২২২৪.০০০.০০.০০০.২০২২-৫৭০

তারিখ : ০২ আষাঢ় ১৪২৯ বাংলা
১৬ জুন ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। মাননীয় সংসদ সদস্য-২৯৬, কক্সবাজার-৩ (সদর-রামু)
০৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
০৫। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
০৬। জেলা প্রশাসক, কক্সবাজার
০৭। সিভিল সার্জন, কক্সবাজার
০৮। উপ-পরিচালক, স্থানীয় সরকার, কক্সবাজার
০৯। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কক্সবাজার
১০। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, কক্সবাজার সদর, কক্সবাজার
১১। উপজেলা ............................................................ কর্মকর্তা, কক্সবাজার সদর, কক্সবাজার
১২। চেয়ারম্যান ...................................................... ইউনিয়ন পরিষদ (সকল), কক্সবাজার সদর, কক্সবাজার
১৩। সহকারী প্রোগ্রামার, কক্সবাজার সদর, কক্সবাজার (ওয়েব পোর্টালে আপলোডের জন্য)
১৪। অফিস কপি

মোহাম্মদ জাকারিয়া
উপজেলা নির্বাহী অফিসার
কক্সবাজার সদর, কক্সবাজার
ফোন : ০২-৩৩৩৩৪৬৭৫৭
ফ্যাক্স : ০২-৩৩৩৩৪৬৭৬৭
e-mail: unocoxsbazar@mopa.gov.bd

# উপজেলা পরিষদের মাসিক ৩২ তম সভায় উপস্থিতি

সভার তারিখ : ১৬/০৬/২০২২ খ্রিষ্টাব্দ, সময় : দুপুর-১২.০০ টা

| ক্র: নং | নাম ও পদবী | অফিসের নাম | মোবাইল নাম্বার | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১/ | কায়সারুল হক জুয়েল চেয়ারম্যান উপজেলা পরিষদ সদর কক্সবাজার। | | ০১৮১৯-৪৮৭৮০১ | [signature] 16.06.22 |
| | মোহাম্মদ জাকারিয়া UNO - সদর কক্সবাজার | | 01733-373201 | [signature] 160622 |
| | রশিদ মিয়া ভাইস চেয়ারম্যান | | 01743907412 | [signature] |
| | নিলু সুলতানা ভাইস চেয়ারম্যান মহিলা | | 01819330618 | [signature] |
| | [signature] | | 01718111610 | [signature] |
| | আবুল কালাম | চেয়ারম্যান [illegible] কক্স. স/দ. | 01819849836 | [signature] |
| | মোঃ শাহজাহান সিদ্দিকী | চেয়ারম্যান খুরুশকুল সদর | 01818097438 | [signature] |
| | ইমদাদুল সাহিদ নিশান | ~~সিনিয়র [illegible]~~ উপজেলা সমবায় কার্যালয়, সদর, কক্সবাজার | 01684899980 | [signature] |

# উপজেলা পরিষদের মাসিক ৩২ তম সভায় উপস্থিতি

সভার তারিখ : ১৬/০৬/২০২২ খ্রিষ্টাব্দ, সময় : দুপুর-১২.০০ টা

| ক্র: নং | নাম ও পদবী | অফিসের নাম | মোবাইল নাম্বার | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| | মোহাম্মদ মোস্তফা কামাল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, | 01815111117 | ১৬/৬/২২ |
| | মোঃ রফিকুল ইসলাম হিসাব রক্ষক কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | উপ পরিচালকের কার্যালয় মহিলা বিষয়ক অধিদপ্তর কক্সবাজার | 01846816755 | |
| | সাবিনা ইয়াছমিন | চৌফলদন্ডী সংরক্ষিত ৭.৮.৯ | 01867967075 | |
| | রোকেয়া বেগম | ইসলামপুর সংরক্ষিত ১.২.৩ | 01817258170 | |
| | অনুপ দাশ উপসহকারী কৃষি অফিসার, উপজেলা কৃষি অফিস সদর, কক্সবাজার | উপজেলা কৃষি অফিস, সদর, কক্সবাজার | 01824586401 | |
| | মোহাম্মদ সালাহউদ্দিন - উপজেলা খাদ্য নিয়ন্ত্রক. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় | 01817750604 | |
| | মোঃ সাইফুল ইসলাম উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | বিআরডিবি | 01991133501 | |
| | [illegible] | [illegible] | 01818019952 | |

# উপজেলা পরিষদের মাসিক ৩২ তম সভায় উপস্থিতি

সভার তারিখ : ১৬/০৬/২০২২ খ্রিষ্টাব্দ, সময় : দুপুর-১২.০০ টা

| ক্র: নং | নাম ও পদবী | অফিসের নাম | মোবাইল নাম্বার | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | কামাল উদ্দিন (চেয়ারম্যান) | ভারুয়াখালী ইউনিয়ন পরিষদ | 01814-504888 | [signature] |
| | প্রীতিময় [illegible] উপজেলা [illegible] কর্মকর্তা | [illegible] | 01839576338 | [signature] |
| | এম. নুরুল কাদের (সচিব) পোকখালী ইউপি | পোকখালী ইউনিয়ন পরিষদ, ঈদগাঁ | 01630-922646 | [signature] |
| | জেসমিন আক্তার তথ্যসেবা কর্মকর্তা | তথ্যকেন্দ্র কক্সবাজার সদর | 01313704528 | [signature] ১৬/০৬/২২ |
| | MD. ABDULLAH (CHAIRMAN) | PIM KHALI UNION SADAR. | 018156749P0 | [signature] |
| | মো: আল-আমিন উপ-সহকারী প্রকৌশলী | DPHE | 01754-266339 | [signature] |
| | মুহাম্মদ আমিনুল হক কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি | কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি | ০২৮১৫৫৫২১৮৩ | [signature] ১৬/০৬/২২ |
| | মোস্তাফিজুর রহমান এম এস সি | কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি | 01769940909 | [signature] ১৬/৬/22 |

## উপজেলা পরিষদের মাসিক ৩২ তম সভায় উপস্থিতি

সভার তারিখ : ১৬/০৬/২০২১ খ্রিষ্টাব্দ, সময় : দুপুর-১২.০০ টা

| ক্র: নং | নাম ও পদবী | অফিসের নাম | মোবাইল নাম্বার | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| | আজিজুল হক<br>উপজেলা পরিষদের পরিচ্ছন্নতা কর্মকর্তা | প্র: প্র: অফিস | 01816160220 | [signature] |
| | মো: হেলাল উদ্দিন<br>উপ. সহকারী প্রকৌশলী<br>এসজিইডি, সদর | LGED | 01711445773 | [signature] |
| | ডা. হাবিবুর রহমান<br>সহকারী সার্জন | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তার কার্যালয় | 01718-472843 | [signature] |
| | মো: সাইদুর রহমান<br>উপজেলা পরিষদ অফিস | উপজেলা পরিষদ অফিস<br>সদর, [illegible] | 01985489202 | [signature] |
| | ডা: অসীম বরন সেন<br>উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা DLS | উপজেলা প্রাণি সম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল | 01818845672 | [signature] |
| | প্রকৌ: মোহাম্মদ জৌহিদুল ইসলাম<br>উপজেলা প্রকৌশলী, LGED | এলজিইডি | 01670458850 | [signature] 16.06.22 |
| | হাফিজুর রহমান। | | 01724-43760 | [signature] |
| | তারাপদ চৌহান<br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার। | সিনিয়র উপজেলা মৎস্য অফিস। | 01717-785126 | [signature] 16-06-22 |

[signature]